

# একজনের ব্যবহারের টয়লেট রুমের চিহ্নগুলি

## একজনের ব্যবহারের টয়লেট রুম কী?

একজনের ব্যবহারের টয়লেট রুম হলো একটি টয়লেট রুম - বা বাথরুম - যেটা এককালীন কেবলমাত্র একজন ব্যক্তিই ব্যবহার করতে পারেন।

## লিঙ্গ-নিরপেক্ষ টয়লেট রুমের চিহ্নটি কী ও কখন তার দরকার লাগে?

একটি লিঙ্গ-নিরপেক্ষ টয়লেট রুম চিহ্নিত করে যে সেই টয়লেট রুমটি যে কোনও লিঙ্গের কোনও ব্যক্তি ব্যবহার করতে পারেন। লিঙ্গ-নিরপেক্ষ টয়লেট রুমের চিহ্নটি একজনের ব্যবহারের টয়লেট রুমের জন্য প্রয়োজন। এই প্রয়োজনীয়তাটি 2016 সালের স্থানীয় আইন 79 এর দ্বারা চালু করা হয়েছিল।

## 2016 সালের স্থানীয় আইন 79 কী?

- এতে একজনের ব্যবহারের টয়লেট রুম সহ সকল ব্যবসার সেই টয়লেট রুমগুলিকে যে কোনও লিঙ্গের ব্যক্তির জন্য উপলব্ধ করার প্রয়োজন হয়।
- উপযুক্ত লিঙ্গ-নিরপেক্ষ চিহ্নগুলি লাগানো ও রক্ষণাবেক্ষণ করা বাদে একজনের ব্যবহারের টয়লেট রুমের গঠনগত কোনও অদলবদল করার **প্রয়োজন হয় না**।

## কোন লিঙ্গ-নিরপেক্ষ চিহ্নটি যথাযথ?

যদিও বিভাগের কোনও নির্দিষ্ট চিহ্নের প্রয়োজন হয় না, তবে নীচেরটি যথাযথ হতে পারে

### Signage Example



## লিঙ্গ-নিরপেক্ষ চিহ্ন কোথায় লাগানো আবশ্যিক?

লিঙ্গ-নিরপেক্ষ চিহ্ন একটি একজনের ব্যবহারের টয়লেট রুমের দরজার পাশের দেওয়ালে লাগানো আবশ্যিক।

## অভিযোগ জমা দেওয়া

যে কোনও লিঙ্গ-নিরপেক্ষ চিহ্ন ছাড়া একজনের ব্যবহারের টয়লেট রুমের কথা নিউ ইয়র্ক সিটির 311 অভিযোগ ব্যবস্থায় হয় <https://www1.nyc.gov/311/>-এ অথবা 311 নম্বরে ফোন করে অভিযোগ করা যায়।